রেজিস্ট্রারের কার্যালয়
বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল
২০৩, শহীদ সৈয়দ নজরুল ইসলাম সরণী, বিজয়নগর, ঢাকা-১০০০
www.bnmc.gov.bd

এ বিজ্ঞপ্তি কেবলমাত্র ওয়েব সাইটে/ ফেসবুকে প্রকাশ করা হবে। ডাকযোগে বা হাতে হাতে প্রেরণ করা হবে না।

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০১৯-০৯

তারিখঃ ০২ জানুয়ারি ২০১৯খ্রিঃ

**বিজ্ঞপ্তি**

বিষয়ঃ ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রীদের শিক্ষার্থী নিবন্ধন (Student Registration) প্রসঙ্গে।

স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের আওতাধীন এবং বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিলের অধিভূক্ত সকল নার্সিং/ মিডওয়াইফারি/ সহযোগী শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃপক্ষের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, বিএনএমসি আইন-২০১৬ এর ধারা ৫ (ট) অনুসারে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে ভর্তিকৃত ছাত্র-ছাত্রী নিবন্ধন (Student Registration) নির্ধারিত সময়ের মধ্যে সম্পন্ন (অনলাইনে Data Entry-সহ) করার জন্য অনুরোধ করা যাচ্ছে।

ফরম পুরনের নিয়মাবলী/শর্তাবলীঃ

১. আগামী ১৫-০১-২০১৯খ্রিঃ হতে ১৭-০২-২০১৯খ্রিঃ পর্যন্ত নিয়মিত এবং বিলম্ব ফি প্রদান করতঃ ১৮-২৪ ফেব্রুয়ারি ২০১৯খ্রিঃ পর্যন্ত চলবে।
২. সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে অভিন্ন ভর্তি পরীক্ষায় যে শিক্ষার্থী যে কোর্সে ভর্তির জন্য আবেদন করেছে ও ভর্তি পরীক্ষায় উত্তীর্ণ হয়েছে তাকে সেই কোর্সে যথাযথ প্রমাণ দাখিলের প্রেক্ষিতে ভর্তি করে দলিলাদি সংরক্ষণ করতে হবে।
৩. সরকার কর্তৃক হালনাগাদ ভর্তি নীতিমালা/বিজ্ঞপ্তির শর্তাবলীর সাথে প্রার্থী প্রদত্ত তথ্যে গড়মিল পাওয়া গেলে শিক্ষার্থী নিবন্ধন প্রদান করা হবে না। ইনস্টিটিউট কর্তৃকপক্ষ এ বিষয়ে সতর্কতার সাথে ভর্তিকার্যক্রম সম্পন্ন করবেন। এ সংক্রান্ত কোন অনিয়ম প্রমাণিত হলে সংশ্লিষ্ট শিক্ষার্থী, প্রতিষ্ঠান ও ব্যক্তির বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।
৪. ইনস্টিটিউট/কলেজ কর্তৃপক্ষ অনলাইনে স্ব-স্ব প্রতিষ্ঠানের User ID এবং Password (গোপন আইডি) এর মাধ্যমে তাদের ভর্তি ফরম থেকে প্রাপ্ত তথ্য, অধ্যক্ষ ও শিক্ষার্থীর স্বাক্ষর এবং এসএসসি ও এইচএসসির মার্কসীটের মূল কপি ভেরিফিকেশন পূর্বক স্ক্যান করে আপলোড করার পর Submit দিলে সম্পূর্ণ ফরম প্রিন্ট করা যাবে।
৫. অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি ক্লাস টিচারের তত্ত্বাবধানে শিক্ষার্থীরা মিলিয়ে অনুস্বাক্ষর পূর্বক অধ্যক্ষ'র নিকট জমা দিবেন।
৬. ফরম পূরণের সময় কোন তথ্য/বানান ভুল হলে তা এক সপ্তাহের মধ্যে সংশোধনের সুযোগ পাবেন। এক সপ্তাহ পর থেকে সংশোধনের জন্য নির্ধারিত ফি প্রদান করতঃ যথাযথ প্রক্রিয়া অনুসরণ করতে হবে।
৭. স্টুডেন্ট রেজিস্ট্রেশন ফি বাবদ জনপ্রতি ৫৫০/- (পাঁচশত পঞ্চাশ) টাকা হারে সকল শিক্ষার্থীর ফি-একত্রে **"বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল"** এর অনুকূলে একটি "ব্যাংক ড্রাফট/ পে-অর্ডার/অনলাইন জমা স্লিপ" এবং শিক্ষার্থীর নাম, পিতা ও মাতার নাম, ভর্তি পরীক্ষার রোল ও প্রাপ্ত স্কোর (নম্বর/মার্ক)-সহ পূর্ণাঙ্গ তালিকা অগ্রবর্তী পত্রের (Forwarding) সাথে প্রেরণ করতে হবে।
৮. বিলম্ব (লেট) ফি জনপ্রতি ১০০/- (একশত) টাকা।
৯. অনলাইনে পূরণকৃত ফরমের প্রিন্ট কপি (হার্ডকপি) প্রয়োজনীয় কাগজপত্র (অবশ্যই ভেরিফিকেশনসহ/ বোর্ডের অনলাইন থেকে ফলাফলের প্রিন্ট কপি), অধ্যক্ষ কর্তৃক সত্যায়িত এসএসসি ও এইচএসসি সনদের কপি, জাতীয় পরিচয়পত্র/জন্ম নিবন্ধনের কপি/ ভর্তি পরীক্ষার প্রবেশপত্র/ফলাফলের প্রিন্ট কপি সংযুক্ত করতে হবে।
১০. অনলাইনে ফরম পূরনের (Guideline/নির্দেশিকা) কাউন্সিলের ওয়েবসাইটে প্রকাশ করা হবে।

০২/০১/১৯

(সুরাইয়া বেগম)
রেজিস্ট্রার
ফোন নং-৯৫৬৪১৫৯
ই-মেইলঃ info@bnmc.gov.bd

স্মারক নং-বিএনএমসি/প্রশা-১২৬/২০১৯-০৯/১(৩০০)

তারিখঃ ০২/০১/২০১৯খ্রিঃ

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যসম্পাদনের জন্যঃ

১. মহাপরিচালক, নার্সিং ও মিডওয়াইফারি অধিদপ্তর, শেরে বাংলা নগর, ঢাকা।
২. উপসচিব (নার্সিং শিক্ষা), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।
৩. অধ্যক্ষ/ ইনচার্জ, নার্সিং/মিডওয়াইফারি ইনস্টিটিউট/কলেজ.........................................
৪. জনাব/ বেগম ......................................................................................
৫. হিসাব শাখা, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল।
৬. সহকারী প্রোগ্রামার, বাংলাদেশ নার্সিং ও মিডওয়াইফারি কাউন্সিল (সহায়তার জন্য ০১৭৩৮-০৩০ ১৫৩)।

০২/১/১৯
রেজিস্ট্রার